

KONECRANES CODE OF CONDUCT

Table of Contents

প্রিয় সহকর্মীবৃন্দ,	3
1. সাধারণ নির্দেশিকা.....	4
2. আইন ও বিধিগুলি.....	4
3. ন্যায্য প্রতিযোগিতা ও প্রতিদ্বন্দ্বিতার আইনসমূহ মেনে চলা.....	5
4. বিশ্বস্ততা, ব্যক্তিগত ডেটা সুরক্ষা ও গোপনীয়তা.....	5
5. Konecranes এর সম্পদসমূহের সুরক্ষা ও সঠিক ব্যবহার.....	6
6. অভ্যন্তরীণ ব্যক্তিদের ক্রয়বিক্রয় ও ভিতরের তথ্যের বেআইনি প্রকাশের উপর নিষেধাজ্ঞা.....	6
7. আপনার ক্রেতা ও ভেদুরকে জানুন ("KYC").....	7
8. অর্থনৈতিক অনুমোদন ও নিষেধাজ্ঞাসমূহ.....	8
9. কম্পিউটার ও যোগাযোগের উৎসসমূহ.....	8
10. আর্থিক রিপোর্টিং.....	9
11. Konecranes -এর বই ও রেকর্ডসমূহ.....	9
12. রেকর্ড সংরক্ষণ.....	10
13. মানবাধিকার.....	10
14. পরিবেশ.....	11
15. সমান সুযোগ ও বৈষম্যহীনতা.....	11
16. যৌন বা অন্যান্য প্রকারের নিগ্রহ.....	12
17. স্বাস্থ্য ও নিরাপত্তা.....	12
18. স্বার্থের দ্বন্দ্ব.....	13
19. দুর্নীতি বা ঘুষ.....	14
20. সরবরাহকারীগণ ও উপঠিকাদার.....	14
21. মিডিয়ার সাথে সম্পর্ক.....	14
22. প্রয়োগ.....	15
23. পর্যবেক্ষণ ও রিপোর্ট করা.....	16
যোগাযোগের তথ্য:.....	16

প্রিয় সহকর্মীবৃন্দ,

Konecranes-এর সুনাম ও খ্যাতি আমাদের মূল্যবোধের পাশাপাশি আত্মোৎসর্গ ও কঠোর পরিশ্রমের ফসল। আমরা সবাই একসাথে মিলে এই সুনাম অক্ষুণ্ণ রাখা ও বৃদ্ধি করার জন্য দ্বায়বদ্ধ। Konecranes-এর কর্মীগণ বহুমুখী সংস্কৃতির প্রতিনিধিত্ব করে, ব্যাপক সংখ্যক ভিন্ন ভিন্ন ভাষায় কথা বলে এবং তারা বিভিন্ন ধর্ম পালন করে। আমাদের লক্ষ্য শুধু আমাদের ব্যবসার ক্ষেত্রে প্রযোজ্য আইন, নিয়ম ও বিধানসমূহ পালন করা নয়; আমরা সর্বোচ্চ পর্যায়ের আইনী এবং নৈতিক ব্যবসায়িক আচরণসমূহ পালন করার আগ্রহ চেষ্টা করি।

আমরা একটি প্রত্যক্ষ, স্বচ্ছ ও নৈতিক পন্থায় ব্যবসা করি। আমরা আমাদের কথা ও কাজের ব্যাখ্যা প্রদানের জন্য দ্বায়বদ্ধ এবং এমন একটি চ্যালেঞ্জিং ও কর্মসম্পাদনমূলক পরিবেশ তৈরি করার জন্য দ্বায়বদ্ধ যেটি দলগত কাজের পুরস্কার নিশ্চিত করবে। আমরা বৈচিত্রময় কাজের ধরন, জীবনধারা ও সংস্কৃতিক ভিন্নতাকে সম্মান করি ও স্বীকৃতি প্রদান করি।

এই **আচরণ বিধি** আমরা কিভাবে ব্যবসা করি তার মৌলিক চাহিদাবলী ও নির্দেশনাবলীর একটি পর্যালোচনা প্রদান করে ও আমরা আমাদের পরিচালনার ক্ষেত্রে যে মানদণ্ডসমূহ মেনে চলি সেটা বর্ণনা করে। এগুলো আমাদের ব্যবসায়িক নীতি ও আমাদের অখন্ডতার প্রতি অঙ্গীকারের উপর ভিত্তি করে নির্মিত যেটা সকল কর্মী, পরিচালক, কনসালটেন্ট, এজেন্ট, ঠিকাদার, সাব-কনট্রাক্টর এবং বিশ্বব্যাপী আমাদের সকল শাখার জন্য প্রযোজ্য। এই বিধি আমরা যেখান থেকে আমাদের ব্যবসা পরিচালনা করি সেখানকার অধিক্ষেত্রের আইন ও বিধিসমূহের ভিত্তিতে প্রযোজ্য হবে।

এই বিধিতে উল্লেখিত নীতিসমূহ আমাদের নৈতিকতাভিত্তিক ব্যবসা পরিচালনার দীর্ঘস্থায়ী ঐতিহ্যের অংশ। অনুগ্রহপূর্বক বিধিমালা সতর্কতার সাথে পড়ুন এবং নিশ্চিত করুন যে আপনি এর বিষয়বস্তু, অবাধ্যতার পরিণাম ও Konecranes গ্রুপের সফলতার ক্ষেত্রে বিধিমালার গুরুত্ব উপলব্ধি করেছেন।

আপনার যদি কোনো প্রশ্ন থাকে তাহলে অনুগ্রহপূর্বক আপনার উর্ধ্বতন ম্যানেজার, Konecranes কমপ্লায়েন্স এথিক্স অফিসারদের বা এই কোডে নির্দেশিত যে কোনো ব্যক্তির সাথে কথা বলুন। যখন কোনো নির্দিষ্ট অনুশীলন বা বিষয়ের যৌক্তিকতা বা মালিকানার ব্যাপারে সন্দেহ হবেন তখন আপনার উচিত উপযুক্ত নির্দেশনার তলব করা।

আমাদের সকলেরই এই কোডের মূল্যবোধ সমুন্নত রাখার ও কোনো অবাধ্যতা বা সম্ভাব্য ঘটতে যাওয়া অবাধ্যতার বিষয়ে স্বতঃস্ফূর্তভাবে যোগাযোগ করার দ্বায়বদ্ধতা রয়েছে। এই সকল বিষয়ে সচেতনতা সৃষ্টি করা, প্রসারিত করা ও সমস্যাবলী সমাধান করা Konecranes-কে একটি সুন্দর কর্মক্ষেত্র ও একটি অসাধারণ বিশ্ব সংস্থা হিসাবে গড়ে তোলার জন্য প্রয়োজনীয়।

বিনীত,

Teo Ottola

সিএফও, অন্তর্বর্তী সিইও

1. সাধারণ নির্দেশিকা

দ্বায়বদ্ধ ব্যবসায়িক অনুশীলনসমূহ দীর্ঘমেয়াদি প্রতিদ্বন্দ্বিতামূলক পারফরম্যান্স ও মুনাফা নিশ্চিত করার জন্য গুরুত্বপূর্ণ। Konecranes-এর ব্যবস্থাপনার সংস্কৃতি আমাদের কোম্পানির মূল্যবোধসমূহ: মানুষে বিশ্বাস, সামগ্রিক সেবার অঙ্গীকার ও টেকসই মুনাফার উপর ভিত্তি করে তৈরি হয়েছে। ব্যবস্থাপনা অনুশীলনসমূহও টেকসই উন্নয়নের সাধারণ মূলনীতিসমূহের উপর ভিত্তি করে নির্মিত যেটা অর্থনৈতিক, সামাজিক ও আমাদের ব্যবসায়িক কার্যক্রমে পরিবেশগত লক্ষ্যসমূহের উপর গুরুত্বারোপ করে। টেকসই ব্যবসায়িক অনুশীলনসমূহের জন্য United Nations Global Compact এর কৌশলগত উদ্যোগে Konecranes অংশগ্রহণ করে এবং মানবাধিকার, শ্রম, পরিবেশ ও দুর্নীতি বিরোধী ক্ষেত্রসমূহে বিশ্বব্যাপী দশটি গ্রহণযোগ্য মূলনীতিকে সমর্থন করে।

Konecranes এর আচরণ বিধি আমরা কিভাবে ব্যবসা করি তার মৌলিক শর্তাবলীর রূপরেখা প্রণয়ন করে। Konecranes সর্বোচ্চ নীতিগত আচরণ ও সেই সকল মূলনীতির জন্য সংগ্রাম করছে যেখানে আমরা আইনি ও নীতিগত মানদণ্ডসমূহ বর্ণনা করেছি যেটা আমরা আমাদের গ্রাহক, ব্যবসায়িক অংশীদার, সরবরাহকারী ও কর্মীদের সাথে বজায় রাখবে এবং এর বাইরে আমরা যেখানে ব্যবসা করি সেই সকল আর্থিক মার্কেট ও সমাজেও বজায় রাখবো।

স্থানীয় বা আন্তর্জাতিক আইন অথবা অন্যান্য বৈধ নীতি যদি ব্যতিক্রম কিছু না বলে তাহলে সংস্থায় অবস্থান নির্বিশেষে সকল কর্মী এই আচরণ বিধি এর উন্নয়ন সাধন করবে এবং মেনে চলবে।

2. আইন ও বিধিগুলি

Konecranes প্রযোজ্য সকল জাতীয় ও আন্তর্জাতিক আইন পূর্ণরূপে মেনে চলার জন্য অঙ্গীকারাবদ্ধ। উদাহরণস্বরূপ, এর মধ্যে রয়েছে প্রতিদ্বন্দ্বিতার আইন ও বিধিগুলি, কর্পোরেট শাসন, ট্যাক্সেশান, আর্থিক উন্মোচন, নিরাপত্তা, ঘুষ নিয়ন্ত্রণ, বেআইনি লেনদেন ও দুর্নীতি, কর্মী অধিকার, পরিবেশগত সুরক্ষা ও কোম্পানির সম্পদের স্বীকৃতি ও সুরক্ষা, কপিরাইট ও অন্যান্য প্রকারের বুদ্ধিবৃত্তিক সম্পদ।

Konecranes স্বচ্ছতার ভিত্তিতে ও Konecranes-এর শেয়ারহোল্ডার, অংশীদার, গ্রাহক, সরবরাহকারী, কর্মীগণ ও কমিউনিটির প্রতি অঙ্গীকারের সাথে সঙ্গতিপূর্ণ সুন্দর কর্পোরেট শাসনের আইন, নির্দেশনা ও মূলনীতিসমূহ অনুযায়ী নিয়ন্ত্রিত হবে।

3. ন্যায় প্রতিযোগিতা ও প্রতিদ্বন্দ্বিতার আইনসমূহ মেনে চলা

Konecranes ন্যায় প্রতিযোগিতাকে সমর্থন করে ও এর জন্য সংগ্রাম করে যাচ্ছে এবং প্রযোজ্য প্রতিযোগিতা আইনসমূহ মেনে চলার জন্য প্রতিশ্রুত। Konecranes এমন সকল কর্মকান্ড থেকে বিরত থাকবে যেটা ন্যায় প্রতিযোগিতাকে প্রতিহত করে বা ন্যায় প্রতিযোগিতা সম্পর্কিত উদ্বেগ তৈরি করে, উদাহরণস্বরূপ, প্রতিদ্বন্দ্বীদের সাথে মূল্য নির্ধারণ, মার্কেট শেয়ার বা অন্যান্য নন-পাবলিক তথ্যাবলী শেয়ার করা।

অনুগ্রহপূর্বক অধিকতর তথ্যের জন্য Konecranes এর প্রতিযোগিতা নীতি (Konecranes Competition Policy) দেখুন, যেটা পাওয়া যাবে এখানে [MyKonecranes > About Konecranes > Policies and principles](#)।

4. বিশ্বস্ততা, ব্যক্তিগত ডেটা সুরক্ষা ও গোপনীয়তা

Konecranes এবং এর অংশীদার, কাস্টমার, সরবরাহকারী ও কর্মচারী সম্পর্কে বিশ্বস্ত তথ্যাবলী অবশ্যই গোপন রাখা হবে এবং অননুমোদিত প্রবেশের বিরুদ্ধে সুরক্ষিত রাখা হবে। কর্মীগণ ব্যক্তিগত লাভের জন্য তাদের কাজের অংশ হিসেবে তাদের জ্ঞাত গোপন তথ্যাবলী ব্যবহার করতে পারবেনা বা কোনো অননুমোদিত পক্ষের নিকট গোপনীয় তথ্যাবলী প্রকাশ করতে পারবে না।

Konecranes তার স্টেকহোল্ডার ও কর্মীদের গোপনীয়তা ও অখন্ডতাকে সম্মান করে এবং ব্যক্তিগত তথ্যাবলী প্রক্রিয়াকরণ করার সময় কঠোর মানদণ্ড প্রয়োগ করার। Konecranes শুধুমাত্র সেই সকল ব্যক্তিগত তথ্য সংগ্রহ করে এবং সংরক্ষণ করে যেটা আইনের মাধ্যমে অনুমোদিত ও যা এর ফলপ্রসূ পরিচালনার জন্য উপযুক্ত। Konecranes কর্তৃক সংগ্রহকৃত ও জমাকৃত সকল ব্যক্তিগত তথ্য স্বচ্ছভাবে, আইনগতভাবে এবং সতর্কতার সাথে প্রক্রিয়াকরণ করা হবে এবং এমনভাবে প্রক্রিয়াকরণ করা হবে যেটা আমাদের কর্মচারী ও অন্যান্য ব্যক্তিবর্গের গোপনীয়তা রক্ষা করে।

যে সকল কর্মী ব্যক্তিগত তথ্য সংগ্রহ করছে ও প্রক্রিয়াকরণ করছে তারা ব্যক্তিগত তথ্য গোপন রাখার জন্য দায়বদ্ধ এবং যাদেরকে এই ধরনের তথ্য প্রবেশাধিকার প্রদান করা হয়েছে তারা অবশ্যই শুধুমাত্র এটা সেই উদ্দেশ্যে ও সীমার মধ্যে ব্যবহার করবে যেটা প্রতি তথ্য ফাইলের ব্যক্তিগত তথ্যের জন্য নির্দেশিত হয়েছে। অধিকতর তথ্য পাওয়া যাবে [MyKonecranes > Internal Knowledge > Departments > Data Protection](#)। কর্মীগণ প্রযোজ্য আইন বা নির্দেশনাসমূহ ভঙ্গ করে ব্যক্তিগত তথ্যাবলী প্রকাশ করতে পারবে না। ব্যক্তিগত রেকর্ডে প্রবেশ সেই সকল কর্মীগণের জন্য সীমিত যাদের সেই তথ্যের জন্য উপযুক্ত অনুমোদন এবং একটি স্বচ্ছ ব্যবসায়িক প্রয়োজনীয়তা রয়েছে।

5. Konecranes এর সম্পদসমূহের সুরক্ষা ও সঠিক ব্যবহার

Konecranes এর সম্পদসমূহ

এই কোডের অধীনে সকল কর্মীকে Konecranes-এর সম্পদসমূহ¹ রক্ষা করতে হবে এবং তাদের আইনসম্মত ব্যবসায়িক উদ্দেশ্যে কার্যকর ব্যবহার নিশ্চিত করতে হবে। চুরি, অযত্ন এবং অপচয় Konecranes-এর মূল্যের উপর সরাসরি প্রভাব ফেলে। এটা প্রত্যাশিত যে কর্মীগণ Konecranes এর সম্পদের ক্ষতি এবং চুরি বা অপব্যবহার রোধ করার জন্য পদক্ষেপ গ্রহণ করবে। যখন কোনো কর্মী Konecranes ত্যাগ করে তখন Konecranes-এর মালিকানাধীন সকল সম্পত্তি অবশ্যই ফেরত দিতে হবে। বিশেষভাবে অনুমোদন ব্যতীত Konecranes-এর সকল সম্পত্তি যার মধ্যে রয়েছে যন্ত্রপাতি, জিনিসপত্র, সম্পদ ও মালিকানা তথ্যাবলী অবশ্যই শুধুমাত্র ব্যবসায়িক উদ্দেশ্যে ব্যবহৃত হবে। **সকল কর্মী প্রত্যাশিতভাবে Konecranes এর তহবিল ও সম্পত্তি রক্ষা করবে যেমনটি সে নিজের সম্পত্তির অপব্যবহার, ক্ষতি, জালিয়াতি বা চুরির বিরুদ্ধে করতো।**

6. অভ্যন্তরীণ ব্যক্তিদের ক্রয়বিক্রয় ও ভিতরের তথ্যের বেআইনি প্রকাশের উপর নিষেধাজ্ঞা

Konecranes সংশ্লিষ্ট নিরাপত্তা আইনসমূহকে শ্রদ্ধা ও অনুসরণ করে এটা নিশ্চিত করার মাধ্যমে যে ভিতরের তথ্যাবলী নিরাপদ ও সুরক্ষিত।

ভিতরের তথ্য হলো মূল্যবান যে কোনো তথ্য যেটাকে প্রকাশ করা হয়নি, যেটা Konecranes বা প্রকাশ্যভাবে ব্যবসা পরিচালনাকারী যেকোনো প্রত্যয়নকারী আর্থিক সংস্থা বা আর্থিক সংস্থা (শেয়ারসহ) যা Konecranes-এর সাথে সরাসরি বা পরোক্ষভাবে যুক্ত বা এমন অন্যান্য প্রত্যয়নকারীর সাথে যুক্ত এবং যদি তা প্রকাশ করা হয় তাহলে সম্ভাব্যভাবে সেই সকল আর্থিক উপকরণ মূল্যের উপর একটি উল্লেখযোগ্য প্রভাব বিস্তার করবে বা সংশ্লিষ্ট আর্থিক সংস্থার মূল্যের উপর প্রভাব বিস্তার করবে। নিরাপত্তার বা অন্যান্য আর্থিক বিষয়বলীর মূল্যের উপর ভিতরের তথ্য ইতিবাচক বা নেতিবাচক হতে পারে।

Konecranes-এ তাদের কাজের দায়িত্ব পালনের ক্ষেত্রে কর্মীগণ Konecranes-এর নিজের, Konecranes-এর সরবরাহকারীদের, গ্রাহকদেরদের বা অন্যান্য কাউন্টারপার্টদের সম্পর্কে

¹ Konecranes-এর মালিকানাধীন সম্পত্তি, তহবিল, তথ্য বা বুদ্ধিবৃত্তিক সম্পত্তি সেই সাথে ব্যক্তিগতভাবে ব্যবহৃত জিনিসপত্র যেমন মোবাইল ফোন ও কম্পিউটারসমূহ সম্পত্তি হিসেবে সংজ্ঞায়িত।

অভ্যন্তরীণ বা অন্যান্য নন-পাবলিক তথ্যাবলী গ্রহণ করতে পারে। কর্মীদেরকে Konecranes-এর আর্থিক উপকরণ কেনাবেচা বা প্রকাশ্যভাবে ব্যবসাকারী কোনো কোম্পানির নিরাপত্তা বা সংশ্লিষ্ট আর্থিক উপকরণের নিরাপত্তা কেনাবেচা করা থেকে বিরত থাকবে যখন সেগুলোতে অভ্যন্তরীণ তথ্য থাকে বা Konecranes সম্পর্কিত বা সেই কোম্পানি সম্পর্কিত গোপন তথ্য-উপাত্ত রয়েছে যেমন ঘটনার সাথে মিল হতে পারে। এই ধরনের তথ্যাবলী এমন কাউকে প্রদান করা যে নিরাপত্তাসমূহ ক্রয় বিক্রয় করতে পারে বা তাদের পরামর্শ দেওয়া যে তারা এই ধরনের তথ্যের উপর ভিত্তি করে নিরাপত্তাসমূহ ক্রয় বিক্রয় করবে - “টিপিং” হিসেবে পরিচিত - এটাও নিষিদ্ধ, যেমনভাবে প্রযোজ্য আইনের অধীনে প্রকাশ করার অনুমতি রয়েছে সেখানে ব্যতীত যেকোনো অভ্যন্তরীণ তথ্যাবলী প্রকাশ করা নিষিদ্ধ।

অনুগ্রহপূর্বক অধিকতর তথ্যের জন্য Konecranes Plc ভিতরের বিধিগুলি দেখুন, যেটা পাওয়া যাবে এখানে [MyKonecranes > About Konecranes > Policies and principles \(Konecranes Plc Insider Regulations\)](#)।

7. আপনার ক্রেতা ও ভেন্ডরকে জানুন ("KYC")

এছাড়াও Konecranes এটা নিশ্চিত করতে KYC প্রক্রিয়া গ্রহণ করেছে যে এটা শুধুমাত্র সেই সকল প্রতিষ্ঠান ও ব্যক্তির সাথে ব্যবসা করবে যারা তাদের সম্মতি ও অখন্ডতার স্ট্যান্ডার্ড শেয়ার করে।

কর্মীগণ অবশ্যই সেই সকল ব্যক্তির সাথে ব্যবসা করতে ও সহায়তা করতে অস্বীকার করবে যারা Konecranes-এর পণ্যের সাথে সংশ্লিষ্ট বেআইনি পরিচালনার সাথে যুক্ত বা যারা Konecranes ক্রেডিট পলিসিতে নির্দেশিত KYC প্রক্রিয়ায় উত্তীর্ণ হতে ব্যর্থ হয়েছে এবং কর্মীগণকে KYC প্রক্রিয়ার যে কোনো লঙ্ঘন সম্পর্কে কমপ্লায়েন্স অফিসার (Compliance Officer) বা গোপনীয় রিপোর্ট করার চ্যানেল বরাবর রিপোর্ট করতে হবে। সকল কর্মী তাদের নিজেদেরকে KYC প্রক্রিয়ার সাথে পরিচিত করবে এবং তা মেনে চলবে।

অনুগ্রহপূর্বক অধিকতর তথ্যের জন্য Konecranes গ্রুপ ক্রেডিট পলিসি দেখুন, যেটা পাওয়া যাবে এখানে [MyKonecranes > About Konecranes > Policies and principles \(Konecranes Group Credit Policy\)](#)।

8. অর্থনৈতিক অনুমোদন ও নিষেধাজ্ঞাসমূহ

Konecranes তার ব্যবসার জন্য প্রয়োজ্য সকল জাতীয় ও আন্তর্জাতিক অনুমোদনসমূহ অনুসরণ করে। এই ক্ষেত্রে Konecranes উপযুক্ত অধ্যবসায় পরিচালনা করে প্রয়োজ্য লেনদেনের তালিকার অধীনে বাধ্যবাধকতার সাথে সম্পর্কিত রেখে। কর্মীগণ কখনোই ব্যক্তিগত বা প্রতিষ্ঠানের সাথে লেনদেন করবেনা যাদেরকে লেনদেন তালিকার উপর দেখা যাচ্ছে এবং Konecranes কর্তৃক পরীক্ষিত।

অনুগ্রহপূর্বক অধিকতর তথ্যের জন্য Konecranes-এর অনুমোদনের নির্দেশাবলী ও রপ্তানি নিয়ন্ত্রণ (**Konecranes Instructions on Sanctions and Export Controls**) দেখুন, যেটা পাওয়া যাবে এখানে [MyKonecranes > Internal Knowledge > Export Control, Trade Compliance](#)।

9. কম্পিউটার ও যোগাযোগের উৎসসমূহ

Konecranes-এর কম্পিউটার ও যোগাযোগের রিসোর্সসমূহ যার মধ্যে রয়েছে কম্পিউটার, স্মার্টফোন, ভয়েসমেইল, চ্যাট ও ই-মেইল, বাস্তব সুবিধাবলী প্রদান করে তবে এছাড়াও সেগুলো কর্মীগণ ও Konecranes-এর প্রতি উল্লেখযোগ্য নিরাপত্তা ও নির্ভরতার ঝুঁকি উপস্থাপন করে। এটা অতীব গুরুত্বপূর্ণ যে কর্মীগণ তাদের কম্পিউটার ও সকল ডিভাইস পাসওয়ার্ড অন্যান্য সংশ্লিষ্ট পদক্ষেপ গ্রহণ করার মাধ্যমে সুরক্ষিত করার জন্য সকল প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। এছাড়াও এটা সেই সকল পরিস্থিতির জন্য প্রয়োজ্য যেখানে কোনো কর্মী তার নিজের ডিভাইসসমূহ Konecranes-এর তথ্যাবলী গ্রহণ করা বা জমা করার জন্য ব্যবহার করে। সকল সংবেদনশীল, গোপনীয় বা সংরক্ষিত ইলেকট্রনিক তথ্যাবলী অবশ্যই পাসওয়ার্ডের মাধ্যমে সুরক্ষিত করতে হবে।

কোনো কর্মীর এমন বিশ্বাস করার যদি কোনো কারণ থাকে যে Konecranes-এর কম্পিউটার, স্মার্টফোন বা কমিউনিকেশন রিসোর্স বা ব্যক্তিগত ডিভাইস যা Konecranes-এর তথ্যাবলীতে প্রবেশ করার বা জমা করার জন্য ব্যবহৃত হয় তার পাসওয়ার্ড সংকটাপন্ন তাহলে তারা অবশ্যই অনতিবিলম্বে তাদের পাসওয়ার্ড পরিবর্তন করবে এবং বিষয়টি সম্পর্কে Konecranes আইটি হেল্প ডেস্ক বরাবর রিপোর্ট করবে।

যখন কর্মীগণ ই-মেইল, ভয়েসমেইল বা তাৎক্ষণিক বার্তা পাঠানোর বা ইন্টারনেট অ্যাক্সেস করার জন্য Konecranes-এর রিসোর্স ব্যবহার করছেন তখন তারা Konecranes-এর একজন প্রতিনিধি হিসেবে কাজ করছেন। এই সকল রিসোর্সের যেকোনো ধরনের অনুপযুক্ত ব্যবহার Konecranes-এর সুনামকে ক্ষুণ্ণ ও প্রভাবিত করতে পারে এবং Konecranes-এর আইনি সক্ষমতাকে ক্ষতিগ্রস্ত করতে পারে।

সমগ্র প্রতিষ্ঠানে কম্পিউটিং ও নেটওয়ার্ক সংযোগসমূহ প্রদান করতে ব্যবহৃত সকল কম্পিউটিং রিসোর্স Konecranes-এর সম্পত্তি এবং প্রত্যাশা করা হয় যে কর্মীগণ সেগুলোকে Konecranes-এর ব্যবসা পরিচালনা করার জন্য ব্যবহার করবে। ই-মেইল ও টেলিফোনের ব্যক্তিগত প্রাসঙ্গিক ও অনিয়মিত ব্যবহার অনুমোদিত। বেআইনি, অননুমোদিত বা অনৈতিক উদ্দেশ্যে গোপনীয় বার্তাসমূহ প্রেরণ করা যাবে না বা এই ধরনের বার্তায় কোনো ধরনের বিষয়বস্তু যুক্ত করা যাবে না বা তৃতীয় পক্ষের অধিকারসমূহ লঙ্ঘন করবেনা। এই পরামর্শ দেওয়া হলো যে গোপন বার্তাসমূহ একটি আলাদা ফোল্ডারে সেভ করা হয় যেটা ধারণকৃত গোপন বার্তা অনুযায়ী শিরোনামের দ্বারা শনাক্তযোগ্য। এটা আগত ও বহির্গত উভয় ধরনের বার্তার ক্ষেত্রে প্রযোজ্য।

অনুগ্রহপূর্বক অধিকতর তথ্যের জন্য Konecranes আইটি নিরাপত্তা নীতি ([Konecranes IT Security Policy](#)) দেখুন, যেটা পাওয়া যাবে এখানে [MyKonecranes > About Konecranes > Policies and principles](#)।

10. আর্থিক রিপোর্টিং

Konecranes এর ইউনিফর্ম রয়েছে, সাধারণভাবে গ্রহণযোগ্য হিসাব মূলনীতি স্ট্যান্ডার্ড ও সংজ্ঞাসমূহ রয়েছে যেগুলো আর্থিক হিসাব ও সকল ইউনিটের রিপোর্টের ক্ষেত্রে অনুসৃত হয়। গ্রুপ একত্রীভূত আর্থিক প্রতিবেদনসমূহ IFRS স্ট্যান্ডার্ড অনুযায়ী সম্পন্ন করা হয়।

Konecranes তার স্টেকহোল্ডারদেরকে তার স্ট্যাটাস ও পারফরম্যান্সের ব্যাপারে যুগপতভাবে এবং একই বিষয়ে তথ্য প্রদান করে স্বচ্ছভাবে ও উন্মুক্তভাবে, কোনো গ্রুপ বা ব্যক্তির প্রতি কোনোরূপ বাড়তি ফেভার করা ছাড়াই এবং আইন, স্টক এক্সচেঞ্জ নীতিমালা এবং ন্যায্য মার্কেটের গ্রহণযোগ্য অনুশীলন অনুসরণ করার মাধ্যমে।

11. Konecranes –এর বই ও রেকর্ডসমূহ

Konecranes সকল প্রযোজ্য আইন ও হিসাবরক্ষণের রীতি অনুসরণের মাধ্যমে তার আর্থিক কার্যক্রমের রেকর্ড রাখবে। সকল লেনদেন সঠিকভাবে অনুমোদিত হবে এবং সঠিকভাবে ও সম্পূর্ণরূপে রেকর্ড করতে হবে। মিথ্যা বা বিভ্রান্তিকর লেখা, রেকর্ড বা নথিভুক্তিকরণ কঠোরভাবে নিষিদ্ধ। কর্মীগণ কোনো অবস্থাতেই কোনো মিথ্যা বা বিভ্রান্তিকর রিপোর্ট করবেনা বা লেনদেন করবেনা বা Konecranes-এর পক্ষে কোনো হিসাব সৃষ্টি করবেনা এই বোধগম্যতা থেকে যে হিসাব বা লেনদেনের যেকোনো অংশ সহায়ক নথিপত্রে বর্ণিত উদ্দেশ্যের বাইরে অন্য কোনো উদ্দেশ্যে ব্যবহার করা যাবে।

যদি কোনো কর্মী জানতে পারে বা সন্দেহ করে যে কেউ Konecranes-এর বই এবং রেকর্ডে মিথ্যাচার করছে তাহলে সেই কর্মী অবশ্যই সেটা তার ঊর্ধ্বতন ম্যানেজার, বা কমপ্লায়েন্স অফিসার বা গোপনীয় রিপোর্ট করার চ্যানেলে রিপোর্ট করবে। ব্যবস্থাপনা থেকে বা অভ্যন্তরীণ বা বাহ্যিক অডিটর থেকে তথ্য গোপন করা Konecranes-এর জন্য মারাত্মক ক্ষতির কারণ হতে পারে।

12. রেকর্ড সংরক্ষণ

Konecranes রেকর্ড সংরক্ষণের ব্যাপারে প্রযোজ্য আইন কানুন অনুসরণ করার জন্য অঙ্গীকারাবদ্ধ। সকল রেকর্ড কমপক্ষে এই ধরনের আইন কানুন কর্তৃক আরোপিত সময়ের জন্য সংরক্ষণ করতে হবে। যেসকল Konecranes-এর ব্যবসার জন্য গুরুত্বপূর্ণ যার মধ্যে রয়েছে কর্পোরেট রেকর্ড, চুক্তিসমূহের মূল কপিসমূহ ইত্যাদি অবশ্যই Konecranes-এর চত্বরে একটি নিরাপদ জায়গায় জমা রাখতে হবে।

যদি কোনো কর্মী তলবনামা বা কোনো সময়ক্ষেপণ বা কোনো বিধিবদ্ধ আইনি প্রক্রিয়া বা সরকারী তদন্তের ব্যাপারে জানতে পারে তাহলে সেই কর্মী অবশ্যই সেই সকল রেকর্ড নেবে এবং সংরক্ষণ করবে যেগুলো তলবনামার প্রতি প্রতিক্রিয়ামূলক বা সেই আইনি প্রক্রিয়ার সাথে সংশ্লিষ্ট বা সে তদন্তের সাথে সংশ্লিষ্ট হবে যতক্ষণ না কিভাবে অগ্রসর হতে হবে সে সম্পর্কে আইন বিভাগ থেকে নির্দেশনা না আসে। **কোনো নথিপত্রের সরাসরি ধ্বংসকরণ অবশ্যই আইন বিভাগ এবং কমপ্লায়েন্স অফিসার কর্তৃক অনুমোদিত হতে হবে।**

13. মানবাধিকার

Konecranes জাতিসংঘ মানবাধিকার ঘোষণাপত্রের বর্ণনা অনুযায়ী মানবাধিকারসমূহকে সমর্থন করে ও সম্মান করে। Konecranes সকল বৈচিত্রতার ভিত্তি যেমন জাতি, জাতীয়তা, লিঙ্গ, ধর্ম ও বয়স এবং সব দলের মধ্যে সমান সুযোগের ভিত্তিতে কাজের স্বাধীনতার উন্নতিবিধান করে।

Konecranes সংঘ তৈরির স্বাধীনতা ও সামগ্রিক দরকষাকষির অধিকারের ফলপ্রসূ স্বীকৃতিকে সমুল্লভ রাখে। Konecranes শিশু শ্রম বা জোরপূর্বক শ্রম গ্রহণ করেনা। সেই সাথে এই গ্রুপ এমন কাজের পরিবেশকে সহ্য করেনা যেটা আন্তর্জাতিক আইন ও অনুশীলনের সাথে সাংঘর্ষিক। আমরা প্রত্যাশা করি যে আমাদের সকল সরবরাহকারী নেটওয়ার্ক এমন ব্যবসায়িক অনুশীলনে যুক্ত হবে যেটা আমাদের মূল্যবোধের সাথে সমান্তরাল।

14. পরিবেশ

Konecranes এর পরিবেশগত কার্যক্রম জীবন চক্রের ভাবনার উপর ভিত্তি করে তৈরি হবে। লক্ষ্য হলো পরিবেশগতভাবে অগ্রগামী সমাধানসমূহ ও সেবাসমূহের উন্নয়ন ও উৎপাদন করা যেগুলো এটার ক্রেতাদের গুরুত্বপূর্ণ চাহিদাবলীকে পূরণ করবে। উচ্চ পর্যায়ের অগ্রাধিকার প্রদান করা হয় উন্নয়নশীল পণ্য ও সেবাসমূহের উপর যেগুলোর নিম্ন নির্গমন ও উচ্চ কার্যকারিতা রয়েছে। এছাড়াও আমাদের অভ্যন্তরীণ পরিচালনার ক্ষেত্রে কাঁচামাল, প্রক্রিয়াকরণ, পণ্য এবং অত্যাধুনিক প্রযুক্তি সুবিধা ব্যবহার করে অপচয় ও নির্গমন কমিয়ে আনার মাধ্যমে টেকসই উন্নয়ন অর্জনের জন্য বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়।

অনুগ্রহপূর্বক অধিকতর তথ্যের জন্য Konecranes পরিবেশ নীতিমালা ([Konecranes Environmental Policy](#)) দেখুন, যেটা পাওয়া যাবে এখানে [MyKonecranes > About Konecranes > Policies and principles](#)।

15. সমান সুযোগ ও বৈষম্যহীনতা

Konecranes নিয়োগ করা ও অনুষীলনের উন্নয়ন, সুবিধাবলী ও বেতনের ক্ষেত্রে একটি সমান সুযোগের ভিত্তিতে কর্মী নিয়োগকারী প্রতিষ্ঠান। Konecranes কোনো ব্যক্তির প্রতি জাতি, ধর্ম, বর্ণ, লিঙ্গ, বয়স, বৈবাহিক অবস্থা, জাতীয় পরিচয়, সেক্সুয়াল ওরিয়েন্টেশন, নাগরিকত্ব বা অক্ষমতা (যেখানে আবেদনকারী বা কর্মী আবাসন বা আবাসন ছাড়াই কাজের গুরুত্বপূর্ণ কার্যক্রমসমূহ পালন করার জন্য যোগ্য বিবেচিত হয়) বা অন্য যেকোনো ভিত্তিতে যা নিয়োগ, ভাড়া করা, পদোন্নতি বা চাকুরীদানের অন্য যেকোনো অবস্থার কারণে বৈষম্য সহ্য করবেনা। কর্মীগণ তাদের মেধার উপর ভিত্তি করে সমান সুযোগ ও সমান বিবেচনা পাওয়ার অধিকার প্রাপ্ত হয়।

Konecranes কোনো ধরনের বৈষম্যমূলক ভাষা সহ্য করবেনা বা অন্য কোনো মন্তব্য, কৌতুক বা আচরণ সহ্য করবেনা যেটা একটি আক্রমণাত্মক বা বৈরী কাজের পরিবেশ সৃষ্টি করে।

অনুগ্রহপূর্বক অধিকতর তথ্যের জন্য Konecranes সম্মান কর্মস্থল নীতিতে ([Konecranes Respect in the Workplace Policy](#)) দেখুন, যেটা পাওয়া যাবে এখানে [MyKonecranes > About Konecranes > Policies and principles](#)।

16. যৌন বা অন্যান্য প্রকারের নিগ্রহ

Konecranes কর্মক্ষেত্রে যৌন নিগ্রহসহ যেকোনো ধরনের নিগ্রহকে কঠোরভাবে নিষিদ্ধ করেছে। Konecranes যেসকল আচরণ নিগ্রহের সৃষ্টি করে সেই সকল আচরণ প্রতিহত করার জন্য এবং উপযুক্ত ক্ষেত্রে শাস্তি বিধানের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করে।

যেকোনো আচরণ যা নৈতিক বা শারীরিক নিগ্রহের সৃষ্টি করে বা যেকোনো ধরনের ক্ষমতার অপব্যবহার সমানভাবে নিষিদ্ধ।

অনুগ্রহপূর্বক অধিকতর তথ্যের জন্য Konecranes সম্মান কর্মসূচি নীতিতে ([Konecranes Respect in the Workplace Policy](#)) দেখুন, যেটা পাওয়া যাবে এখানে [MyKonecranes > About Konecranes > Policies and principles](#)।

17. স্বাস্থ্য ও নিরাপত্তা

Konecranes তার কর্মীগণকে একটি আনন্দদায়ক এবং রোমাঞ্চকর কর্মপরিবেশ প্রদানের জন্য সংগ্রাম করছে যেখানে উন্মুক্ততা, সম্মান, আস্থা এবং সমান সুবিধাবলী জরুরি হয়ে থাকে। এই কোম্পানি অব্যাহতভাবে তার কর্মী, ঠিকাদার এবং আমাদের সংস্থার অন্যান্য বিভিন্ন অংশে কর্মরতদের জন্য একটি নিরাপদ ও নিগ্রহ-মুক্ত কর্মপরিবেশের উন্নতি বিধান করছে।

এছাড়াও Konecranes এমন পণ্যের উন্নয়ন ও উৎপাদন প্রক্রিয়া সেই সাথে এমন মান নিশ্চিতকরণ পদ্ধতি প্রয়োগ করে যার লক্ষ্য হলো স্বাস্থ্য ও নিরাপত্তা ঝুঁকিসমূহ সর্বনিম্ন পর্যায়ে নামিয়ে আনা যেগুলো তার পণ্য ও সেবাসমূহের সাথে সম্পৃক্ত।

অনুগ্রহপূর্বক অধিকতর তথ্যের জন্য Konecranes নিরাপত্তা নীতি ([Konecranes Safety Policy](#)) দেখুন, যেটা পাওয়া যাবে এখানে [MyKonecranes > About Konecranes > Policies and principles](#)।

18. স্বার্থের দ্বন্দ্ব²

Konecranes-এর কর্মীগণ অবশ্যই এমন সকল পরিস্থিতি এড়িয়ে চলবে যেখানে তাদের ব্যক্তিগত স্বার্থাবলী³ Konecranes এবং Konecranes-এর স্টেকহোল্ডারদের স্বার্থাবলীর সংঘাতে জড়িয়ে পড়তে পারে। উদাহরণস্বরূপ এর অর্থ হলো, যে কর্মীগণ কোনো ব্যক্তিগত পুরস্কার, আতিথেয়তা বা আপ্যায়ন গ্রহণের জন্য অনুমোদিত নন তবে নূন্যতম মূল্যের ব্যক্তিগত উপহার ও আপ্যায়ন এক্ষেত্রে ব্যতিক্রম যেগুলোর মূল্য যুক্তিসঙ্গত ও আতিথেয়তার সাধারণ স্ট্যান্ডার্ড অতিক্রম করবেনা। এমন কোনো সন্দেহের অবকাশ থাকবেনা যে উপহার বা আনুকূল্য গ্রহণের অনুমতির ফলে একটি সম্ভাব্য স্বার্থের দ্বন্দ্ব তৈরি হতে পারে, কর্মীগণ অবশ্যই আগেভাগে পরিস্থিতি কমপ্লায়েন্স অফিসার এর নিকট পরিষ্কার করবে। Konecranes রাজনৈতিক দল বা অন্যান্য রাজনৈতিক সংস্থা অথবা নির্বাচনের ক্যাম্পেইনে কোনো স্বতন্ত্র প্রার্থীকে কোনো আর্থিক সহায়তা প্রদান করে না।

যদি কোনো কর্মী বা সংযুক্ত ব্যক্তি যার প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোম্পানিতে স্বার্থ রয়েছে বা এমন কোনো কোম্পানির উপর প্রভাব বিস্তার করার সক্ষমতা রয়েছে যে কোম্পানির সাথে Konecranes ব্যবসা করে বা যে কোম্পানি Konecranes-এর প্রতিদ্বন্দ্বী তার ব্যাপারে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে। এই বিধির উদ্দেশ্যে "সংযুক্ত ব্যক্তি" অর্থ হলো স্বামী বা স্ত্রীর যে কেউ, পারিবারিক অংশীদার বা উল্লেখযোগ্য যেকেউ, শিশু, অংশীদার, কাজিন, ঘনিষ্ঠ ব্যক্তিগত বন্ধু বা অন্য যেকোনো ব্যক্তি (যার মধ্যে রয়েছে উত্তরাধিকারী) যিনি কর্মীর পক্ষে কাজ করতে পারবেন। উদাহরণস্বরূপ, এর বাইরে স্বার্থের দ্বন্দ্ব তৈরি হতে পারে যখন কোনো আত্মীয় যরাসরি অন্যের অধীনস্থ।

কর্মীগণের Konecranes এর প্রতি দায়িত্ব রয়েছে Konecranes আইনসম্মত স্বার্থসমূহ সামনে নিয়ে যাওয়া যখনই সেই সুযোগ আসবে।। যদি কোনো কর্মী এমন কোনো ব্যবসা বা বিনিয়োগের সুযোগের ব্যাপারে জানতে পারে যেটাতে Konecranes আগ্রহী হতে পারে বা যেটা অন্যভাবে এটার ব্যবসায়িক কার্যক্রমের মধ্যে যার মধ্যে রয়েছে কর্পোরেট সম্পত্তি বা তথ্য বা Konecranes কর্মীর অবস্থান ব্যবহারের মাধ্যমে যেমন কোনো প্রতিদ্বন্দ্বী বা বাস্তব বা সম্ভাব্য গ্রাহক, সরবরাহকারী বা Konecranes-এর ব্যবসায়িক সহযোগী, কর্মীগণ কমপ্লায়েন্স অফিসার এর লিখিত পূর্বানুমতি ব্যতীত সেই সুযোগ গ্রহণ করতে বা অংশগ্রহণ করতে

²"স্বার্থের দ্বন্দ্ব" তখনই ঘটে যখন কোনো নির্দিষ্ট কর্মীর ব্যক্তিগত স্বার্থ (যেহেতু তা প্রত্যক্ষ বা পরোক্ষ) তার কাজের দায়িত্বের যথাযথ পারফরম্যান্সের উপর প্রভাব বিস্তার করে বা প্রভাব বিস্তার করতে সক্ষম হয় এবং যেটা কর্মীর ব্যক্তিগত স্বার্থ ও Konecranes-এর অধিকারসমূহ ও স্বার্থের মধ্যে একটি দ্বন্দ্বের জন্ম দেয় বা দ্বন্দ্বের জন্ম দেওয়ার সক্ষম হয় যেটার ফলে Konecranes-এর অধিকারসমূহ ও স্বার্থসমূহ, সম্পদ অথবা ব্যবসায়িক খ্যাতির ক্ষতিসাধন করতে পারে।

³ কর্মীদের "ব্যক্তিগত স্বার্থ" হলো একজন কর্মীর তার নিজের উপর অর্পিত দায়িত্ব পালনকালে সুবিধাবলীর সাথে যুক্ত স্বার্থ যেটা থেকে টাকা, মূল্যবান জিনিসপত্র বা অন্যান্য দৃশ্যমান জিনিস বা সেবা অথবা অন্যান্য সম্পত্তি অধিকারসমূহ জাতীয় নির্দিষ্ট স্বার্থ হাসিল করে তা সে তার নিজের, নিজের পরিবার বা তৃতীয় পক্ষ যে কারোর জন্য হোক।

পারবেনা। কর্মীগণ বেআইনি ব্যক্তিগত লাভের জন্য কর্পোরেট সম্পত্তি বা তথ্য বা Konecranes-এ তাদের অবস্থান ব্যবহার করতে এবং কর্মীগণ Konecranes-এর সাথে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেনা।

19. দুর্নীতি বা ঘুষ

Konecranes বলপূর্বক আদায় ও ঘুষসহ সকল প্রকারের দুর্নীতির বিরুদ্ধে কাজ করতে বদ্ধপরিকর। Konecranes বা এর কর্মীগণ কোনো অবস্থাতেই টাকা বা কোনো ধরনের আর্থিক সুবিধা চাইতে পারবেনা। এর মধ্যে রয়েছে সরকারী কর্মকর্তা বা অন্যান্য ব্যবসায়িক অংশীদারদের থেকে বা তাদের প্রতি টাকা, সুবিধাবলী, আপ্যায়ন বা সেবাসমূহ বা অন্য কোনো বস্তুগত সুবিধাবলী যেগুলো ব্যবসায়িক বা ব্যক্তিগত বেআইনি সুবিধা পাওয়ার উদ্দেশ্যে প্রদান করা হয়। Konecranes কোনো অবস্থাতেই মানি লন্ডারিং এ অংশগ্রহণ করাকে সমর্থন করেনা।

অনুগ্রহপূর্বক Konecranes দুর্নীতি দমন নীতি (**Konecranes Anti-Corruption Policy**) দেখুন যেখানে প্রযোজ্য ঘুষ বিরোধী আইনসমূহ, বিধি ও বিধান মেনে চলা করা নিশ্চিত করতে আমাদের কর্মীদের দায়িত্ব বিবৃত হয়েছে। এটা পাওয়া যাবে এখানে [MyKonecranes > About Konecranes > Policies and principles](#)।

20. সরবরাহকারীগণ ও উপঠিকাদার

Konecranes প্রত্যাশা করে যে এর সরবরাহকারীগণ ও উপঠিকাদার তাদের ব্যবসা পরিচালনা করবে সেই একই ধরনের উচ্চ পর্যায়ের আইনি, নীতিগত, পরিবেশগত ও কর্মী সম্বন্ধীয় মূলনীতি অনুযায়ী যেটা Konecranes নিজেই অনুসরণ করে। ব্যবসায়িক সম্পর্ক প্রতিষ্ঠার সময় বা সেটা বজায় রাখার ক্ষেত্রে এই সকল মূলনীতির গুরুত্ব অপরিসীম। Konecranes তার সরবরাহকারী ও উপঠিকাদারগণের মধ্যে এই সকল মূলনীতিসমূহের উন্নতি বিধান করে এবং এই মর্মে তাদের কার্যক্রম পর্যবেক্ষণের ইচ্ছা পোষণ করে।

21. মিডিয়ার সাথে সম্পর্ক

শুধুমাত্র অফিসিয়াল Konecranes মুখপাত্র বা কর্মীগণ যারা বিশেষভাবে CEO বা CFO কর্তৃক অনুমোদিত তারাই প্রেস, সিকিউরিটি এনালিস্ট, আর্থিক কমিউনিটির অন্যান্য সদস্য, স্টেকহোল্ডার বা গ্রুপ বা অর্গানাইজেশনের সাথে Konecranes এর একজন প্রতিনিধি হিসেবে বা Konecranes এর ব্যবসা সম্পর্কে কথা বলতে পারবেন। কোনো আর্থিক কমিউনিটি বা স্টেকহোল্ডার থেকে Konecranes সম্পর্কে আর্থিক তথ্য বিনিয়োগ সম্পর্কিত ভাইস প্রেসিডেন্টের নিকট প্রেরণ করতে হবে। মিডিয়া, প্রেস বা জনগণের Konecranes সম্পর্কে

আর্থিক তথ্যের অনুরোধ ভাইস প্রেসিডেন্ট, মার্কেটিং ও কমিউনিকেশন বরাবর প্রেরণ করতে হবে।

গণমাধ্যমে প্রদত্ত তথ্য এবং প্রকাশ্যে প্রচারিত তথ্য অবশ্যই তথ্যবহুল এবং স্বভাবগতভাবে সত্য হতে হবে।

Konecranes কর্তৃক তৈরি করা এবং জ্ঞাপন করা যেকোনো গণ তথ্যাবলী অবশ্যই সকল প্রয়োগযোগ্য আইন ও বিধান অনুসরণ করবে। Konecranes সম্পর্কে যেকোনো গণ আর্থিক তথ্য অবশ্যই সম্পূর্ণরূপে, সঠিকভাবে এবং নির্ভরশীলতার সাথে সংশ্লিষ্ট সময়ে Konecranes এর আর্থিক পরিস্থিতি তুলে ধরবে, যেটা প্রস্তুত হয়েছে প্রযোজ্য সময়সীমার মধ্যে।

Konecranes তার আর্থিক বিবৃতি প্রকাশের আগে একটি নীরব সময় পর্যবেক্ষণ করে এবং প্রশ্নের ভিত্তিতে প্রতি ত্রৈমাসিক এর শেষে অভ্যন্তরীণ রিপোর্টসমূহ শুরু হয়। এই সময়ে Konecranes-এর প্রতিনিধিগণ Konecranes-এর আর্থিক বিষয়ের উপর কোনো মন্তব্য করেনা।

অনুগ্রহপূর্বক অধিকতর তথ্যের জন্য বাহ্যিক যোগাযোগ নির্দেশিকা ([External Communication Guidelines](#))⁴ দেখুন, যেটা পাওয়া যাবে এখানে [MyKonecranes > Internal Knowledge > Marketing & Communications > MarCom Guidelines](#)।

22. প্রয়োগ

এই আচরণ বিধি Konecranes পরিচালনা পর্ষদ কর্তৃক অনুমোদিত। এই বিধিমালা সমগ্র Konecranes গ্রুপ ও এর সকল ব্যবসায়িক এলাকার মধ্যে প্রযোজ্য। গ্রুপের ব্যবস্থাপনা ও এর কর্মীগণ অবশ্যই কোনো প্রকার প্রত্যাশা ছাড়াই এই মূলনীতিসমূহে নির্দেশিত মানদণ্ড অনুসরণ করবে। Konecranes নিশ্চিত করে যে এই সকল মূলনীতিসমূহ সকল কর্মীদের মধ্যে ছড়িয়ে দেওয়া হয়েছে এবং শর্তারোপ করে যে সেগুলো সবার দ্বারা গ্রহণ করা হয়েছে এবং অনুশীলন করা হচ্ছে। প্রয়োজনীয় ক্ষেত্রে Konecranes আচরণ বিধি অধিকতর বিস্তারিত মূলনীতি ও নির্দেশনার মাধ্যমে সম্পূরিত হয়েছে।

⁴ অনুগ্রহপূর্বক এই নীতি সঠিক কিনা সেটা নিশ্চিত করুন।

এই আচরণ বিধি অনুসরণ বা মুদ্রণ বা এই সকল মূলনীতির সম্ভাব্য লঙ্ঘনের ক্ষেত্রে কমপ্লায়েন্স অফিসারের সাথে যোগাযোগ করতে হবে। কমপ্লায়েন্স অফিসার যেকোনো সম্ভাব্য লঙ্ঘনের মাত্রা বিচারের জন্য ও সম্ভাব্য পদক্ষেপ গ্রহণের জন্য দায়বদ্ধ। কর্মীগণ অবশ্যই সর্বদা ব্যবস্থাপনা পরিষদের সাথে এই সকল মূলনীতির ব্যাপারে সকল সম্ভাব্য প্রস্ফাবলী ও সম্ভাব্য লঙ্ঘনের ব্যাপারে আলোচনার জন্য মুক্ত। কোনো কর্মীকে এইসকল মূলনীতি লঙ্ঘনের ব্যাপারে নিষেধ করা একেবারেই নিষিদ্ধ।

23. পর্যবেক্ষণ ও রিপোর্ট করা

Konecranes কমপ্লায়েন্স অ্যান্ড এথিক্স কমিটির সুপারিশের ভিত্তিতে Konecranes লিডারশিপ টিম (KLT) বার্ষিকভাবে এই কোড পর্যালোচনা করবে এবং প্রয়োজনের ক্ষেত্রে এই কোডের কোনো পরিবর্তনের ব্যাপারে অডিট কমিটি ও পর্ষদ বরাবর প্রস্তাবনা পেশ করবে।

অভ্যন্তরীণ অডিট ও ব্যবস্থাপনা পরিষদ Konecranes গ্রুপ এই নীতি অধীনে পরিচালনা পর্যবেক্ষণ করবে। অভ্যন্তরীণ অডিট ও জৈষ্ঠ ব্যবস্থাপনা পরিষদ পরিচালিত যেকোনো অডিটের ফলাফল ও খুটিনাটি ব্যাপারে Konecranes পরিচালনা পর্ষদ এর অডিট কমিটি বরাবর রিপোর্ট করবে। সন্দেহজনক সকল ঘটনাবলী (যা ব্যক্তিগতভাবে, হুইসলব্লোয়িং চ্যানেলের মাধ্যমে বা অন্য কোনো উপায়ে করা করা হয়েছে) এর ব্যাপারে কমপ্লায়েন্স অফিসার কর্তৃক যথাযথভাবে তদন্ত করা হবে এবং ফলাফলসমূহ Konecranes কমপ্লায়েন্স অ্যান্ড এথিক্স কমিটি ও Konecranes পরিচালনা পর্ষদ এর অডিট কমিটির কাছে রিপোর্ট করা হবে।

যোগাযোগের তথ্য:

কোনো উদ্বেগ বা প্রশ্নের ক্ষেত্রে অনুগ্রহ করে যোগাযোগ করুন – Ms. Kati Mattila, Head of Compliance & Ethics.

Whistleblowing Channel: <https://report.whistleb.com/Konecranes>

অভ্যন্তরীণ ভাষন নিয়ন্ত্রণের জন্য:

তৈরি ও পর্যালোচনাকারীর নাম: গ্রুপ কার্যনির্বাহী পর্ষদ:

অনুমোদন: পরিচালনা পরিষদ কর্তৃক

প্রকাশিত: 24 অক্টোবর, 2018

প্রণীত: 29 অক্টোবর, 2018

আপডেট হয়েছে: 3 এপ্রিল, 2020